BHIX Brooklyn Health Information Exchange

ব্রুকলিন হেলথ ইনফরমেশন এক্সচেঞ্জ ঃ শিক্ষামূলক তথ্যপত্র

হেলথ ইনফরমেশন এক্সচেঞ্জ সম্পর্কে

আপনি সম্ভবত বিভিন্ন প্রোভাইডারের কাছ থেকে চিকিৎসা সেবা পান যার মধ্যে আছে হাসপাতাল, ক্লিনিক, নার্সিং হোম এবং হোমকেয়ার এজেন্সি। প্রত্যেক প্রোভাইডার আপনার সম্পর্কিত সব চিকিৎসা বিষয়ক তথ্য রাখেন যার অন্তর্ভুক্ত হল আপনি কোন্ কোন্ ওষুধ সেবন করেন এবং আপনার কী ধরনের স্বাস্থ্যপরীক্ষা হয়েছে তার সবকিছুই।

যদি আপনার চিকিৎসা সেবাদানকারী অর্থাৎ হেলথকেয়ার প্রোভাইডারেরা একে অপরের সঙ্গে এই তথ্যের আদানপ্রদান করতে পারে, তাহলে তারা আপনাকে আরও ভালো সেবা দিতে পারবে – বিশেষত জরুরি পরিস্থিতিতে। আপনাকে সেবা দেওয়ার কাজে নিযুক্ত প্রোভাইডারদের আপনার চিকিৎসা সংক্রান্ত ইতিহাস, ইতিপূর্বের চিকিৎসা, পরীক্ষার ফলাফল এবং অ্যালার্জি সংক্রান্ত তথ্য দিতে পারলে তারা নিখুঁত রোগনির্ণয় করতে পারবে এবং ভালো চিকিৎসার ব্যবস্থা করতে পারবে।

ব্রুকলিন হেলথ ইনফরমেশন এক্সচেঞ্জ (BHIX) সম্পর্কে

BHIX একটি লাভের জন্য পরিচালিত নয় এমন প্রতিষ্ঠান যারা ব্রুকলিনের সর্বত্র হেলথকেয়ার প্রোভাইডারদের একে অপরের সঙ্গে যুক্ত হতে সাহায্য করে। এর মধ্যে আছে হাসপাতাল, নার্সিং হোম, হোম হেলথ এজেন্সি, ওষুধের দোকান এবং ক্লিনিক্যাল পরীক্ষাগার।

BHIX এর সুরক্ষিত কমপিউটার ব্যবস্থা আপনার ডাক্তার, নার্স এবং চিকিৎসা সেবাদানকারী অন্যান্য পেশাদারদের আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য পেতে সাহায্য করে। যেসব প্রোভাইডার BHIX ব্যবহার করে, তারা আপনাকে আরও ভালো চিকিৎসা দিতে পারবে এবং সব রোগীদের যে মানের চিকিৎসা সেবা দেওয়া হয় তার উন্নতি ঘটাতে পারবে।

অনুগ্রহ করে এই তথ্যপত্রটি যত্নসহকারে পর্যালোচনা করে দেখে সিদ্ধান্ত নিন যে আপনি যেকোনো BHIX পার্টিসিপেটিং প্রোভাইডার অর্গানাইজেশনকে ("অংশগ্রহণকারী প্রোভাইডার") BHIX এর মাধ্যমে আপনার সম্পর্কিত চিকিৎসা বিষয়ক তথ্যে প্রবেশাধিকার দেবেন কি না।

কীভাবে BHIX সেবার মানোন্নয়ন করে

BHIX এর লক্ষ্য হল আপনার প্রোভাইডারকে আরও সময়োচিত চিকিৎসা সেবা সম্পর্কিত তথ্য প্রদান করে সেবার মান, কার্যকারিতা এবং নিরাপত্তার উন্নতি ঘটানো।

মান ঃ আরও সম্পূর্ণ, সাম্প্রতিকতম তথ্য পাওয়ার ফলে আপনার ডাক্তারেরা আরও ভালোভাবে আপনাকে সঠিক চিকিৎসা এবং পরিষেবা দিতে পারবেন। বর্ধিত ক্লিনিক্যাল তথ্য সেবার সমন্বয় এবং রোগ পরিচালনার উন্নতিতে সাহায্য করে এবং অংশগ্রহণকারী প্রোভাইডারদের সব রোগীদের ক্ষেত্রে সেবার গুণমান বৃদ্ধি করতে সাহায্য করে।

কার্যকারিতা ঃ যেহেতু আপনার ডাক্তারেরা অন্যান্য হাসপাতাল ইত্যাদি থেকে স্বাস্থ্য বিষয়ক রিপোর্ট পেতে পারবেন, তাই আপনাকে হয়ত একই পরীক্ষা বারবার করাতে হবে না। এছাড়াও আপনাকে একাধিক অংশগ্রহণকারী সেবাদানকারীকে ওষুধপত্র এবং চিকিৎসা সংক্রান্ত একই তথ্য বারংবার দিতে হবে না।

নিরাপত্তা ঃ আপনার ওষুধ সেবনের ইতিহাস BHIX এর অন্তর্ভুক্ত করা হবে যাতে আপনার ডাক্তারেরা আরও ভালো সিদ্ধান্ত গ্রহণ এবং ওষুধ ও অন্যান্য চিকিৎসা পদ্ধতির বিষয়ে সুপারিশ করার সময় ভুলভ্রান্তি এড়াতে পারেন।

কী ধরনের তথ্যে প্রবেশাধিকার দেওয়া হবে

চিকিৎসা সম্পর্কিত তথ্যের সূত্র ঃ BHIX এর মাধ্যমে যে তথ্যে প্রবেশাধিকার পাওয়া যায় তা চিকিৎসা সম্পর্কিত তথ্যের বিভিন্ন সূত্র থেকে আসে। চিকিৎসা বিষয়ক তথ্যের এইসব সূত্রের মধ্যে থাকতে পারে অংশগ্রহণকারী প্রোভাইডার, চিকিৎসা সেবাদানকারী অন্যান্য সংস্থা (যেমন ওষুধের দোকান এবং ক্লিনিক্যাল পরীক্ষাগার), চিকিৎসা বিমাকারী, নিউ ইয়র্ক স্টেট এর মেডিকেইড কর্মসূচি এবং চিকিৎসা তথ্য আদানপ্রদানকারী অন্যান্য সংস্থা। চিকিৎসা সম্পর্কিত তথ্যের বর্তমান উৎসগুলির একটি পূর্ণাঙ্গ তালিকা www.bhix.org ওয়েবসাইটে পাওয়া যেতে পারে। BHIX এর বৃদ্ধির সঙ্গে সঙ্গে সময়ে সময়ে এই তালিকাটি পরিবর্তিত হতে পারে।

তথ্যের ধরন ঃ BHIX এর মাধ্যমে যে তথ্যে প্রবেশাধিকার পাওয়া যায় তার মধ্যে আছে আপনার চিকিৎসা সংক্রান্ত সব তথ্য যার অন্তর্ভুক্ত হল এইচ.আই.ভি./এইডস, মানসিক স্বাস্থ্য, জিনগত রোগ অথবা পরীক্ষা, মদ এবং মাদকদ্রব্যের অপব্যবহার, যৌন সংসর্গের মাধ্যমে পরিবাহিত রোগ এবং পরিবার পরিকল্পনা বিষয়ক সংবেদনশীল তথ্য।

প্রবেশাধিকার নিয়ন্ত্রণ সম্পর্কিত আপনার অধিকার

রোগী হিসেবে আপনার অধিকার আছে আপনার সম্পর্কিত চিকিৎসা বিষয়ক তথ্যে অংশগ্রহণকারী প্রোভাইডারদের প্রবেশাধিকারের উপর নিয়ন্ত্রণ রাখার। আপনার সেবায় নিযুক্ত প্রতিটি অংশগ্রহণকারী প্রোভাইডার BHIX এর মাধ্যমে আপনার চিকিৎসা সম্পর্কিত তথ্য দেখতে চাইলে তাদের পৃথকভাবে আপনার সম্মতি নিতে হবে। BHIX এ অংশগ্রহণের সিদ্ধান্ত সম্পূর্ণ স্বেচ্ছাপ্রসূত। আপনি যদি BHIX এ অংশগ্রহণ না করার সিদ্ধান্ত নেন, তাহলেও কোনো অংশগ্রহণকারী প্রোভাইডার আপনাকে চিকিৎসা সেবা দিতে অস্বীকার করতে পারবে না এবং আপনার বিমার সুবিধা পাওয়ার যোগ্যতা কোনোভাবে প্রভাবিত হবে না।

BHIX এর রোগীদের সম্মতি ফর্ম [BHIX Patient Consent Form]

সম্মতিদান ঃ আপনার অংশগ্রহণকারী প্রোভাইডারদের BHIX এর মাধ্যমে আপনার চিকিৎসা সম্পর্কিত তথ্যে অংশগ্রহণের অনুমতি দিতে হলে অনুগ্রহ করে BHIX এর রোগীদের সম্মতি ফর্মে আপনার সম্মতি দিন এবং পরবর্তী সাক্ষাৎকারের সময় আপনার অংশগ্রহণকারী প্রোভাইডারের কাছে ফর্মটি ফেরত দিন। যদি আপনি সম্মতি দেন, তাহলে চিকিৎসা সেবা দেওয়া অথবা তার মানোন্নয়নের কাজে নিযুক্ত ব্যক্তি যিনি আপনার অংশগ্রহণকারী প্রোভাইডার কর্তৃক BHIX ব্যবহারের অনুমতি পেয়েছেন, শুধু তিনিই আপনার চিকিৎসা সম্পর্কিত তথ্য দেখতে পারবেন।

সম্মতির অনুরোধ প্রত্যাখ্যান করা ঃ যদি আপনি আপনার অংশগ্রহণকারী প্রোভাইডারদের BHIX এর মাধ্যমে আপনার চিকিৎসা সম্পর্কিত তথ্যে অংশগ্রহণের অনুমতি দিতে না চান – এমনকী জরুরি পরিস্থিতিতেও – তাহলে অনুগ্রহ করে BHIX এর রোগীদের সম্মতি ফর্মে সম্মতির অনুরোধ প্রত্যাখ্যান করুন এবং পরবর্তী সাক্ষাৎকারের সময় আপনার অংশগ্রহণকারী প্রোভাইডারের কাছে ফর্মটি ফেরত দিন।

BHIX এর রোগীদের সম্মতি ফর্মের একটি কপি ওয়েবসাইট এ অথবা অংশগ্রহণকারী সেবাদানকারীর কাছে পাওয়া যাবে।

BHIX এর সম্মতি ফর্ম প্রত্যাহার

সম্মতি প্রত্যাহার ঃ যদি আপনি মত বদলান এবং BHIX এর মাধ্যমে আপনার অংশগ্রহণকারী প্রোভাইডারকে নিয়মিতভাবে আপনার সম্পর্কিত চিকিৎসা বিষয়ক তথ্যে প্রবেশ করার অধিকার না দিতে চান, তাহলে সম্মতি প্রত্যাহার করে নিন। এক্ষেত্রে অনুগ্রহ করে BHIX এর সম্মতি প্রত্যাহারের ফর্ম ভর্তি করে আপনার পরবর্তী সাক্ষাৎকারের সময় অংশগ্রহণকারী প্রোভাইডারের কাছে তা ফেরত দিন অথবা সেটি আপনার অংশগ্রহণকারী প্রোভাইডারের প্রাইভেসি অফিসারের কাছে ফেরত দিন। BHIX এর রোগীদের সম্মতি ফর্মের একটি কপি www.bhix.org ওয়েবসাইটে অথবা অংশগ্রহণকারী সেবাদানকারীর কাছে পাওয়া যাবে।

জরুরি পরিস্থিতি সম্পর্কিত গুরুত্বপূর্ণ মন্তব্য

যদি আপনি BHIX এর রোগীদের সম্মতি ফর্মটি ব্যবহার করে সম্মতির অনুরোধ প্রত্যাখ্যান করেন, তাহলে আপনার অংশগ্রহণকারী প্রোভাইডার BHIX এর মাধ্যমে আপনার সম্পর্কিত চিকিৎসা বিষয়ক তথ্য দেখতে পারবেন না — *এমনকী জরুরি পরিস্থিতিতেও*।

কীভাবে BHIX আপনার সম্পর্কিত তথ্যের গোপনীয়তা সুরক্ষিত রাখে

অংশগ্রহণকারী প্রোভাইডারেরা নিউ ইয়র্ক স্টেট এবং ফেডারেল এর গোপনীয়তা বিষয়ক আইন মেনে চলে। অংশগ্রহণকারী প্রোভাইডারদের তখনই BHIX এর মাধ্যমে আপনার চিকিৎসা বিষয়ক তথ্যে প্রবেশ করার সুযোগ দেওয়া হয় যখন তারা আপনাকে সেবা দেওয়ার কাজে অথবা রোগীদের যে চিকিৎসা সেবা দেওয়া হয় তার উন্নতি ঘটানোর কাজে যুক্ত থাকে। যাতে কোনো অসৎ উদ্দেশ্যে কেউ আপনার চিকিৎসা বিষয়ক তথ্য না পেতে পারে, তার জন্য BHIX সুরক্ষা ব্যবস্থা রেখেছে।

আপনি কীভাবে BHIX সম্পর্কে আরও তথ্য পেতে পারেন

যদি আপনার কোনো প্রশ্ন থাকে, তাহলে যেকোনো অংশগ্রহণকারী প্রোভাইডারের প্রাইভেসি অফিসারের সঙ্গে কথা বলতে দেওয়ার জন্য অনুরোধ করুন। তিনি BHIX সম্পর্কিত আপনার প্রশ্নের উত্তর দিতে পারবেন অথবা এমন কাউকে খুঁজে দেবেন যিনি আপনাকে সাহায্য করতে পারবেন। আপনি আমাদের info@bhix.org ঠিকানায় ই-মেল'ও পাঠাতে পারেন।

আরও তথ্যের জন্য অনুগ্রহ করে www.bhix.org ঠিকানায় আমাদের ওয়েবসাইটটি দেখুন। BHIX যেমন বাড়তে থাকবে তেমনই এর ওয়েবসাইট এ চিকিৎসা সম্পর্কিত তথ্যের সূত্র বিষয়ে সাম্প্রতিকতম তালিকা এবং যোগাযোগের তথ্যসহ অংশগ্রহণকারীদের একটি সম্পূর্ণ তালিকা অন্তর্ভুক্ত হতে থাকবে।

ব্রুকলিন হেলথ ইনফরমেশন এক্সচেঞ্জ (BHIX)
1045 39th Street
Brooklyn, New York 11219

টেলিফোন ঃ 718-283-5650
ফ্যাক্স ঃ 718-635-5750
info@bhix.org